# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## লাইন ডাইরেক্টর এর দপ্তর
## ন্যাশনাল আই কেয়ার
## স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- এনইসি. ৮৫(২)/ জনবল/ ২০২১-২০২২/ ৫১৭০ তারিখ ঃ ২৭/৪/২০২২ইং

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের অধীন এইচপিএনএসপি এর আওতায় ন্যাশনাল আই কেয়ার অপারেশনাল প্লানের সম্পূর্ন অস্থায়ী (প্রকল্প বাস্তবায়নকালীন সময় পর্যন্ত) ভিত্তিতে সরকারি বিধি অনুযায়ী সাকুল্য বেতনে সরাসরি নিয়োগের জন্য যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্র নং- | পদের নাম | পদ সংখ্যা | পদের প্রকৃতি | জাতীয় বেতন স্কেল-২০১৫ | মাসিক সাকূল্য বেতন (বেতন স্কেল ২০১৫ অনুসারে) | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | হিসাবরক্ষক | ১টি | অস্থায়ী (উন্নয়ন বাজেট) | গ্রেড-১১ বেতন স্কেল- ১২,৫০০ -৩০,২২০ | ২১,৭০০/- | স্নাতক ডিগ্রী (বানিজ্য) | ক) হিসাব রক্ষন, ক্যাশ বুক লিখন ও ব্যাংকিং কাজে ২ বৎসরের অভিজ্ঞতা খ) কম্পিউটার অফিস প্রোগ্রাম পরিচালনাসহ ইন্টারনেট কাজ করার অভিজ্ঞতা। |
| ২ | ষ্টোর কিপার | ১টি | অস্থায়ী (উন্নয়ন বাজেট) | গ্রেড-১৪ বেতন স্কেল- ১০,২০০ - ২৪,৬৮০ | ১৮,৩২০/- | ২য় শ্রেনীর স্নাতক ডিগ্রী | ১। কম্পিউটার পরিচালনায় পারদর্শী, যে কোন প্রতিষ্ঠান হইতে ৬ মাসের প্রশিক্ষন কোর্স সম্পন্ন থাকতে হবে। ২। সরকারী /স্বায়ত্তশাসিত/ সরকার নিবন্ধিত/ বেসরকারি প্রতিষ্ঠানে ষ্টোর কিপার হিসাবে ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে। |

নিয়োগের শর্তাবলীঃ

০১। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত যাবতীয় বিধিবিধান প্রতিপালিত হবে।

০২। আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম,শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ২২/০৫/২০২২ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে রেজিষ্টার ডাকযোগে অথবা কুরিয়ার সর্ভিস যোগে লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট হাসপাতাল ভবন, শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭ বরাবরে লিখিত আবেদনপত্র প্রেরণ করতে হবে। হাতে হাতে এবং ই-মেইল এর মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহন করা হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত এবং অসম্পূর্ন আবেদনপত্র সরাসরি বাতিল হিসাবে গণ্য হবে।

৩। আবেদনকারীর বয়সসীমা ৩০/০৪/২০২২ইং তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেফিড গ্রহনযোগ্য নয়। বয়স প্রমানের জন্য শিক্ষাগত যোগ্যতা সনদপত্রে জন্ম তারিখ উল্লেখ থাকতে হবে।

৪। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র পত্রের সত্যায়িত কপি, কমিশনার/চেয়াম্যান এর নিকট হতে নাগরিকত্ব ও স্থায়ী বাসিন্দার সনদপত্রের সত্যায়িত কপি, ১ম শ্রেনীর গ্যাজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্রের মূল কপি, সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে ১ম শ্রেণীর কর্মকর্তার নাম, পদবী ও সীল থাকতে হবে। আবেদন পত্রের খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম লিখতে হবে।

৫। আবেদনপত্রের সাথে ৬/- (ছয়) টাকার অব্যবহৃত ডাক টিকেট সম্বলিত যোগাযোগের খামে যে পদে আবেদন করবেন তাহা উল্লেখ পূর্বক ঠিকানাসহ একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৬। লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার অনুকূলে হিসাবরক্ষক ও স্টোর কিপার পদের জন্য ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। ইতিপূর্বে স্মারক নং-এনইসি.৮৫(২)/জনবল/২০১৭-১৮/৯৬৭১ তারিখ: ০৫/৫/২০১৮ইং মোতাবেক স্টোর কিপার পদে আবেদনকারীদের পূনরায় আবেদনের প্রয়োজন নাই, পূর্বের আবেদন বিবেচ্য হবে । তাদের ১০০/- পে-অর্ডার বলবৎ থাকবে এবং পূনরায় ৪০০/- পে -অর্ডার একটি আবেদনের সহিত দাখিল করতে হবে।

৭। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারী কোটা যথাযথভাবে অনুসরন করা হবে।

০৯। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য এবং উপজাতি কোটার সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উর্পযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া না গেলে সন্তানের সন্তান,তাদের ক্ষেত্রে পিতা/মাতা/পিতামহ/মাতামহ'র অনুকূলে মুক্তিযোদ্ধা অংশগ্রহনের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র এর সত্যায়িত কপিসহ আবেদন করতে হবে (এই সকল প্রার্থীকে চাকুরীর আবেদন পত্রের উপর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান স্পষ্টভাবে উল্লেখ করতে হবে)।

১০। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগনকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষর জন্য ডাকা হবে।

১১। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। বিজ্ঞপ্তি প্রচারের কারনে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। কর্তৃপক্ষ কোনরুপ কারন দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম বাতিল অথবা স্থগিত ঘোষনা করতে পারবে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত হিসাবে গন্য হবে।

২৭/৪/২০২২

(অধ্যাপক ডাঃ গোলাম মোস্তাফা)

লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার।

জি-৯৪৬/২২-(১০X৪)